দৈনিক
ইত্তেফাক
24 AUG 2016
কলাম

# শাবিতে বঙ্গবন্ধু গবেষণা সেল গঠনের সিদ্ধান্ত

■ শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেল গঠন করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গত সোমবার বিশ্ববিদ্যালয়ের ২০০তম সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রশাসনিক সূত্র জানায়, জাতির জনক ও হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর অধিকতর গবেষণা করার লক্ষ্যে শাহজালাল বিশ্ববিদ্যালয়ে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেল' গঠনের উদ্যোগ নেন ভিসি প্রফেসর ড. মো. আমিনুল হক ভূঁইয়া। এরই ধারাবাহিকতায় গত সোমবার বিশ্ববিদ্যালয়ের ২০০তম সিন্ডিকেট সভায় এই গবেষণা সেল চালুর অনুমোদন দেয়া হয়।

গবেষণা সেল গঠন করার ব্যাপারে প্রয়োজনীয় সুপারিশ প্রদানের জন্য অধ্যাপক ড. মো. কবির হোসেনকে প্রধান করে তিন সদস্যের একটি কমিটিও গঠন করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হচ্ছেন— অধ্যাপক ডা. মুর্শেদ আহমদ চৌধুরী ও অধ্যাপক ড. এস এম হাসান জাকিরুল ইসলাম। শাবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. আমিনুল হক ভূঁইয়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেল চালুর বিষয়টি নিশ্চিত করেছেন।